

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪২২

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

بَابُ الدَّعْوَاتِ فِي الْأَوْقَاتِ

আরবী

وَعَن خَوْلَةَ بِنْتِ حَكِيمٍ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَنْ نَزَلَ مَنْزِلًا فَقَالَ: أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ لَمْ يَضُرُّهُ شَيْءٌ حَتَّى يرحل من منزله ذَلِك . رَوَاهُ مُسلم

বাংলা

২৪২২-[৭] খাওলাহ্ বিনতু হাকীম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে ব্যক্তি কোন জায়গায় অবতরণ করে বলে, ''আ'উযু বিকালিমা-তিল্লা-হিত্ তা-ম্মা-তি মিন্ শাররি মা- খলাক'' (অর্থাৎ- আমি আল্লাহর পরিপূর্ণ কালামসমূহের মাধ্যমে আল্লাহর সৃষ্ট সকল কিছুর অনিষ্টতা হতে আশ্রয় চাই)। তাহলে তাকে কোন জিনিস অনিষ্ট করতে পারবে না তার ফিরে না যাওয়া পর্যন্ত। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৭০৮, তিরমিয়া ৩৪৩৭, ইবনু মাজাহ ৩৫৪৭, মুয়াত্ত্বা মালিক ৩৫৮৪, ইবনু আবা শায়বাহ্ ২৯৪০৯, আহমাদ ২৭১২২, ইবনু খুযায়মাহ্ ২৫৬৬, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬০৩, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১০৩২২, ইবনু হিব্বান ২৭০০, আল কালিমুত্ব ত্বইয়্যিব ১৮০, সহীহাহ্ ৩৯৮০, সহীহ আত্ তারগীব ৩১৩০, সহীহ আল জামি' ৮০৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা আল কারী (রহঃ) বলেনঃ আলোচ্য হাদীস জাহিলী জামানার লোকদের মাঝে যে রেওয়াজ ছিল তা প্রত্যাখ্যান বা বাতিল করছে। যখন তারা কোন স্থানে অবতরণ করত তখন বলতঃ আমরা এ উপত্যকার নেতার আশ্রয় চাই এবং তারা বড় বড় জীনদের আশ্রয় নিত। আর এ প্রসঙ্গে মহান আল্লাহ তা'আলা বলেনঃ ''অনেক মানুষ অনেক জিনের নিকট আশ্রয় নিত। ফলে তারা জীনদের আত্মস্তরিতা বাড়িয়ে দিত"- (সূরা আল জিন্ ৭২:





৬) ৷

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন